

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৭ অক্টোবর, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৭/১০/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আক্তারুজ্জামান এর নেতৃত্বে "স্ম্যাশড বার্গার" ক্রিস্টাল প্যালেস, গুলশান-১, ঢাকা-তে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে রেস্টুরেন্টটির রান্নাঘরে যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে কাশমিরি মরিচ, কর্ণ ফ্লাওয়ারসহ, মুরগির মাংস মজুদ করতে দেখা যায়; আমদানিকারকের তথ্যবিহীন বিবিকিউ সস, ইয়েলো মাস্টার্ড, জালেপিনোসহ বিভিন্ন বিদেশী খাদ্যোপকরণ মজুদ ও ব্যবহার করতে দেখা যায়; খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ ও পেস্ট কন্ট্রোল প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হয়। উক্ত অভিযোগসমূহ স্ম্যাশড বার্গার রেস্টুরেন্ট কর্তৃপক্ষকে পড়ে শুনালে সে জানায়, তারা ৩দিনের মধ্যে সকল খাবার এর লেবেলিং এবং বিদেশী খাবার এর আমদানিকারকের তথ্য সংযোজনসহ পন্য ক্রয় করবে। এছাড়াও ১৫দিনের মধ্যে খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ করাবেন। অভিযুক্ত ব্যক্তির বক্তব্য পর্যালোচনা ও ব্যাখ্যা সন্তোষজনক হওয়ায় ১৫ দিনের সময় দিয়ে মুচলেকা নেয়া হয় এবং ১৫ দিন শেষে জনাব মো: আক্তারুজ্জামান, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর আদালত বরাবর প্রমানসহ একটি লিখিত প্রতিবেদন দাখিল করবেন এই মর্মে অভিযুক্ত ব্যক্তিকে মামলা হতে অব্যাহতি প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকালে "স্ম্যাশড বার্গার" কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম উদ্দিন, মনিটরিং অফিসার ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটালিয়ন আনসার সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।



(এ এইচ এম আসিফ বিন ইকরাম)

উপপরিচালক

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।